কংগ্রেস ও কংগ্রেস সংগঠন ও তৎসংশ্লিষ্ট সমস্ত সংগঠনকে বিশেষভাবে অনুরোধ করব যে—এই ব্যক্তিটিকে তার অবিমৃষ্যকারীতা থেকে নিরস্ত করুন—তার এই কাজ দেশ ও কংগ্রেসের কলঙ্করূপেই কলঙ্কিত হয়েছে।

আমরা আশা করব এই ঘটনার গুরুত্ব উপলব্ধি করে সনৎবাবু এবং তার অনুগামীদের শুভবুদ্ধির উদ্রেক হয়েছে। সমস্ত বিষয় অনুধাবন করে নিশ্চয়ই তারা নিজেদের ত্রুটি বুঝতে পেরেছেন এবং সেই অনুযায়ী নিজেদের আচরণেরও সংশোধন করছেন। তার অনুগামী হিসাবে আর যারা আছেন তারা যেই হোন—তারাও শুভবুদ্ধি সম্পন্ন হয়ে এই মহান্ জাতীয় কর্ত্তব্যে অংশ গ্রহণ করে ধন্য হোন।

কংগ্রেস হোন, অকংগ্রেস হোন, সমস্ত ব্যক্তিকে সমষ্টিকে—দল ও মত নির্বিশেষে এই শহরের, এই জেলার, এই রাজ্যের, এই ভারতের সকলকে আমরা আহ্বান করছি—সকলের পক্ষ থেকে সকলকে আমন্ত্রণ জানাচ্ছি—শুভ ১৫ই আগষ্টে সর্ব্বত্যাগী অতুলচন্দ্র ঘোষের মর্মরমূর্ত্তির ভিত্তি স্থাপনে সকলের স্পর্শ যুক্ত হোক।

— বিভূতি ভূষণ দাসগুপ্ত

—·—

# সর্ব্বত্যাগী অতুলচন্দ্র ঘোষ



জন্ম ঃ—
২রা মার্চ ১৮৮১ ঃ ১৮ই ফাল্গুন ১২৮৭

মৃত্যু ঃ—
১৫ই অক্টোবর ১৯৬১

এই অতুলবাবুর মর্মর মূর্ত্তি প্রতিষ্ঠার জন্য পশ্চিমবঙ্গের সরকার থেকে যে ভাবে জমি দেওয়া হয়েছে—

Handed over the possession of land measuring 37'-0" X29'-6" as shown by red in the drawing to the Secretary Atul Chandra Ghosh memorial Committee for installation of a statue of Manbhum Keshri Atul Chandra Ghosh this day the 17th July 1973 Subject to fulfilment of the terms and condition laid down in the registered deed.

Taken over
রামলাল সরাওগী
১৭-৭-৭৩

Handed over
A. K. Palit 17/7/73
Assistant Engineer
Purulia Sub-Division(P.W.D.)

আজ ১৭ই জুলাই ১৯৭০ তারিখে রেজেষ্ট্রী করা দলীলের শর্ত অনুযায়ী মানভূম কেশরী অতুল চন্দ্র ঘোষের মূর্ত্তি প্রতিষ্ঠার জন্য অতুল চন্দ্র ঘোষ মেমোরিয়াল কমিটির সেক্রেটারিকে—নক্সায় লাল লাইন দিয়ে দেখান জমি যার মাপ—৩৭' ০" × ২৯'-৬"—সেই জমির দখল অর্পণ করা হল।

লইলাম
রামলাল সরাওগী
১৭-৭-৭৩

অর্পণ করা হল
এ, কে, পালিত ১৭/৭/৭৩
এসিষ্ট্যাণ্ট ইঞ্জিনীয়র
পুরুলিয়া সাবডিভিজন (পি, ডব্লিউ, ডি)

—·—



# গান্ধীজী ও অতুলচন্দ্র

## Gandhiji's letter to Sree Atul Chandra Ghosh of Purulia.


### পুরুলিয়ার শ্রীঅতুলচন্দ্র ঘোষের নিকট গান্ধীজীর পত্র

Before going to Noakhali in 1946 Gandhiji stayed for sometime at Sodepur Khadi Pratisthan in West Bengal Sree Atul Chandra Ghosh of Purulia in a letter requested him to come to Purulia. In reply to that letter Gandhiji wrote this letter to him.

This is the fac-simile of the original letter.

১৯৪৬ সালে নোয়াখালি যাবার পূর্বে গান্ধীজী পশ্চিমবঙ্গে সোদপুরে খাদি প্রতিষ্ঠানে কিছুদিন অবস্থান করেছিলেন। পুরুলিয়ার শ্রীঅতুলচন্দ্র ঘোষ এক পত্রে তাকে পুরুলিয়া আসতে অনুরোধ করেছিলেন। সেই চিঠির উত্তরে গান্ধীজী এই চিঠিটি তাকে লেখেন।

এই চিঠিটি হচ্ছে মূল চিঠির অবিকল প্রতিরূপ—



खादि प्रतिष्ठान
सोदपुर
१४।१२।४६

भाई अतुलबाबु—

मैं क्या करुं—हमेशा युवान नही रह सकता हूं—इस लिये जो सेवा मैं एक स्थान पर बैठकर कर सकता हूं उसी से संतुष्ट रहें—मानभूम वासीओं से कहें कि अहिंसासे हम सब कुछ कर सकते हैं ओर उसका प्रतीक चरका हैं।

बापुके आशीरवाद

খাদি প্রতিষ্ঠান
সোদপুর
১৪।১২।৪৬

ভাই অতুলবাবু

আমি কি করব - চিরকাল জোয়ান হয়ে থাকতে পারিনা—সেইজন্য যে সেবা আমি এক জায়গায় বসে করতে পারি—তাতেই আপনাকে সন্তুষ্ট থাকতে বলি। মানভূমবাসীকে আপনি বলবেন যে অহিংসার পথে আমরা সমস্ত কিছুই করতে পারি আর তার প্রতীক হচ্ছে চরখা।

বাপুর আশীর্বাদ

# পুরুলিয়া ষ্টেডিয়ামের শিলান্যাস

## মানভূম ভিক্টোরিয়া স্কুলে মনোজ্ঞ অনুষ্ঠান

গত ১৬/১২/৭৩ তারিখে বিকাল ৩টার সময় পুরুলিয়া জেলায় প্রথম ষ্টেডিয়ামের শিলান্যাস করেন মোহনবাগান ক্লাবের স্বনামধন্য প্রাক্তন ফুটবলার শ্রীউমাপতি কুমার। অনুষ্ঠান সভায় সভাপতিত্ব করেন ষ্টেডিয়ামের বোর্ড অব ম্যানেজমেন্টের সভাপতি ও জেলাশাসক শ্রীনিরঞ্জন হালদার। স্বামী প্রমথানন্দজীর বৈদিক প্রার্থনার পর সভার কাজ আরম্ভ হয়।

ষ্টেডিয়ামের উদ্যোক্তা-সংস্থা মানভূম ভিক্টোরিয়া ইনষ্টিটিউশনের প্রধান শিক্ষক ও বোর্ড অব ম্যানেজমেন্টের অন্যতম সদস্য শ্রীনিতাই দাস গাঙ্গুলী অভ্যাগতদের সাদর সম্ভাষণ জানিয়ে বলেন যে নির্মীয়মান ষ্টেডিয়ামটি ক্ষুদ্রায়তন হবে এবং জেলার ক্রীড়ানুষ্ঠানের দাবী মেটাবার ক্ষমতা এর সীমাবদ্ধ। মাত্র ১ লক্ষ ৪৭ হাজার টাকা ব্যয় হবে এইটির নির্মাণকার্য্যে। এরমধ্যে ৫০ হাজার টাকা কেন্দ্রীয় সরকার দিচ্ছেন. রাজ্য সরকার দিচ্ছেন ৫০ হাজার টাকা এবং উদ্যোক্তা হিসাবে মানভূম ভিক্টোরিয়া ইনষ্টিটিউশন ৪৭ হাজার টাকা। তিনি জানান যে মানভূম স্পোর্টস্ এসোসিয়েশনের উদ্যোগে একটি বড় ষ্টেডিয়াম নির্মিত হতে চলেছে এবং এই প্রচেষ্টায় সকলেরই সহানুভূতি ও সহযোগিতা পাওয়া যাবে বলে তিনি আশা করেন। তিনি বলেন যে ক্রীড়া বর্ত্তমানে একটি অন্যতম শিক্ষণীয় বিষয়, এবং ক্রীড়াকে দূরে সরিয়ে রেখে শিক্ষা সম্পূর্ণতা লাভ করতে পারে না। সেই দিক দিয়ে স্কুল প্রাঙ্গণে এই পুরুলিয়া ষ্টেডিয়ামের সার্থকতা আছে।

উদ্যোক্তা সংস্থার প্রতিনিধিরূপে শিক্ষক শ্রীসত্যেন্দু গুপ্ত বলেন যে ক্রীড়াঙ্গণের শিলান্যাসের আয়োজনে তাঁরা প্রীত, কারণ ক্রীড়া জগতে এখনও জোচ্চুরি করে পুরস্কার লাভ করা যায় না। শিক্ষা এবং অন্যান্য জগতে যখন জোচ্চুরি করে পুরস্কার পাওয়া যাচ্ছে এবং তারই হিড়িক পড়ে গেছে, তখন এই ক্রীড়াঙ্গণ কিছুটা শুভপ্রভাব সঞ্চার করতে পারে বলে তিনি আশা করেন। তিনি প্রার্থনা জানান যেন সরকারী লালফিতার মরুপথে এই নির্মাণকার্য্যধারা হারিয়ে না যায়. সিমেণ্টে যেন গঙ্গামৃত্তিকা মেশান না হয় এবং মশলা যেন যথাযথ পরিমাণে মিশ্রিত হয়।

শিলান্যাসকারী প্রধান অতিথি শ্রীউমাপদ কুমার বলেন যে পুরুলিয়ার মাঠের সঙ্গেও তাঁর পরিচয় ছিল এবং এখানে কয়েকজন পরিচিত বন্ধুও তাঁর ছিল। তিনি বলেন যে তখনকার দিনে খালি পায়ে তাঁরা ফুটবল খেলেছেন এবং বুট পরিহিত সায়েবদলকে তাঁরা পরাজিত করেছেন! স্বাদেশিকতার প্রেরণাই তাঁদের জয়লাভের উদ্বুদ্ধ করত, বুটের অভাব বাধা দিতে পারত না। শ্রীকুমার এই ষ্টেডিয়াম এবং পুরুলিয়া জেলার ক্রীড়া জগতের সর্বাঙ্গীন উন্নতি কামনা করেন।

অনুষ্ঠানের উদ্যোক্তাদের পক্ষ থেকে শ্রীবঙ্কিম বসু প্রমুখ পুরুলিয়ার কয়েকজন প্রাক্তন ফুটবলারকে পুষ্পস্তবক ও অভিজ্ঞানপত্র দিয়ে সম্বর্দ্ধনা জানান হয়। শ্রীবসু জানান যে খেলতে গিয়ে আছাড় খেয়ে তাঁদের রক্তাক্ত হতে হোত। বাইরের খেলোয়াড়রা এইজন্য পুরুলিয়ার মাঠে ভয়ানক বিপদে পড়তেন। তিনি বলেন যে খেলার মাঠগুলিকে একটু পাথরশূণ্য সবুজ করা হলেই তিনি যথেষ্ট মনে করবেন, ষ্টেডিয়াম হোক আর না হোক।

অনুষ্ঠানের সভাপতি শ্রীনিরঞ্জন হালদার দৃঢ়তা ও সততার সঙ্গে ষ্টেডিয়ামের নির্মাণকার্য্য পরিচালনার আশ্বাস প্রদান করেন। মানভূম স্পোর্টস্ এসোসিয়েশন বৃহত্তর ষ্টেডিয়াম নির্মাণের জন্য পুলিশ প্যারেড গ্রাউণ্ডে যে সরকারী জমি লাভ করেছেন, সে কথা ঘোষণা করে তিনি ঐ ষ্টেডিয়ামের নির্মাণকার্য্যেও সকলের সহযোগিতা কামনা করেন।

শিলান্যাসের পর অভ্যাগতদের জলযোগে আপ্যায়িত করা হয়।

—·—

## নিখিলবঙ্গ প্রাঃ শিক্ষক সমিতি

### পুরুলিয়া পৌর শাখা

বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির অন্তর্ভুক্ত পৌর প্রাথমিক শাখার বেশ কিছু সংখ্যক সদস্য বর্ত্তমান নেতৃত্বের শিক্ষক স্বার্থ বিরোধী কার্য্যকলাপের প্রতিবাদে বঙ্গীয় প্রাঃ শিক্ষক সমিতির সহিত সমস্ত সম্পর্ক ছেদ করিয়া রাজ্যের অন্যতম সংগ্রামী সংগঠন হিসাবে স্বীকৃত নিখিলবঙ্গ প্রাঃ শিক্ষক সমিতি (রেজিঃ নং—৯৩৪৯) এর সদস্য পদ গ্রহণ করিয়াছেন। নিখিল বঙ্গ প্রাঃ শিক্ষক সমিতির পুরুলিয়া (জেলা শাখার) সভাপতি সর্ব্বশ্রী গৌরীশঙ্কর ব্যানার্জী মহাশয় প্রধান অতিথি হিসাবে ১৫/১২/৭৩ এর সাধারণ সভায় উপস্থিত ছিলেন। গত ১৫/১২/৭৩ এর সাধারণ সভায় (স্থানীয় জেলিয়া পাড়া প্রাঃ বিদ্যালয়ে) ৭ জন সদস্য লইয়া একটি সাংগঠনিক সমিতি গঠিত হইয়াছে।

১। সর্ব্বশ্রী মহাদেব মুখোপাধ্যায়—সভাপতি ২। গোবর্দ্ধন মুখোপাধ্যায় সহঃ সভাপতি ৩। কঙ্ক মাহাত—সহঃ সভাপতি ৪। প্রিয়ব্রত সেনগুপ্ত—সম্পাদক ৫। হিমাদ্রী চ্যাটার্জী—সহঃ সম্পাদক ৬। নন্দ দুলাল ঘোষাল সহঃ সম্পাদক ৭। মহঃ ইসমাইল—কোষাধ্যক্ষ। —প্রিয়ব্রত সেনগুপ্ত

—·—

# পুরুলিয়ার টেলিফোন বিভাগের ক্যাজুয়াল মজদুরদের গণ অবস্থান

লাইন ষ্টাফ ও ক্লাস ফোর এর অন্তর্ভুক্ত ক্যাজুয়েল মজদুরগণ ১৪ ডিসেম্বর বেলা ২টা হইতে ৫টা পর্য্যন্ত গণ বিক্ষোভ সংগঠিত করেন। টেলিফোন একচেঞ্জের সামনে এই বিক্ষোভে স্থানীয় প্রত্যেক মজদুর ও আদ্রা থেকেও কিছু মজদুর অংশ গ্রহণ করেন। মজদুরদের বেতন বৃদ্ধি, বিভাগীয় করণ, বিভাগীয় কর্ম্মীদের ন্যায় সুযোগ সুবিধা প্রদান প্রভৃতি দাবী বিক্ষোভ সমাবেশে সোচ্চার হয়ে উঠে। কমিটির সভাপতি কমঃ সুনীল দাস সভায় সভাপতিত্ব করেন। ১২ই জুলাই কমিটি ও সি, জি, কো-অর্ডিনেশন কমিটি সহ আটটি সংগঠনের প্রতিনিধি বন্ধুরা মজদুরদের বেতন বৃদ্ধি ও অন্যান্য দাবীগুলির সমর্থনে বক্তব্য রাখেন। সম্পাদক কমঃ আবদুল জব্বার খান মজদুর সংগঠনকে শক্তিশালী করার আহ্বান জানান। সি. জি, সি, সি, এর সম্পাদক কমঃ বিজয় বিদ বলেন মজদুরদের লড়াই সামগ্রিকভাবে কেন্দ্রীয় সরকারী কর্ম্মচারীদের লড়াই। সভাপতি কমঃ দাস বলেন কেন্দ্রীয় সরকারী কর্মচারীগণ ১২ দফা দাবী আদায়ের জন্য লড়াই করছেন তাই দাবীগুলির মধ্যে ক্যাজুয়েল প্রথা বিলোপেরও দাবী আছে। সে জন্য এখন থেকেই পুরুলিয়ার মজদুরদের সংগঠিত করতে হবে ও ঐক্যবদ্ধ লড়াইকে এগিয়ে নিতে হবে।

---


# নোটিশ

ত্রৈলক্ষ্য নাথ সম্পৎ ট্রাষ্ট এষ্টেটের অধীনে "অধিকারী লজের" পূর্ব্ব তরফের ২ দুই খানি ঘর (আনুমানিক ৪ কাঠা জায়গার উপর) বিক্রয় হইবে। ক্রেতাগণ ১৩/১/৭৪ তারিখের মধ্যে উক্ত বাড়ীর মূল্য নির্দ্ধারণের জন্য নিম্ন স্বাক্ষরকারীর নিকট দরখাস্ত করিতে পারেন।

এন ব্যানার্জি

রিসিভার

টি, এন, এস, ট্রাষ্ট এষ্টেট, পুরুলিয়া।

---

**Are you really interested in your Children Education**

IF SO

*Contact Rector*

# ST. XAVIER'S SCHOOL

DIGUDIH, PURULIA.

( Near Jail garden )

**ADMISSION IS GOING ON**

Classes from L. K. G to Std. V. for Present

Limited Seats.

Suitable Hostel Accommodation

OFFICE HOURS :—

11 A. M. to 4 P. M.

RECTOR

St Xavier's School Purulia.


—·—